গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩. ১৭৭

তারিখ: ০৩.০৫.২০২৩ খ্রি.

**বিষয়: জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির জন্য প্রণীত 'বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা' সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন ও শিক্ষক ওরিয়েন্টেশন সংক্রান্ত।**

সূত্র: এনসিটিবি/শি:..../২৫৭/২০০১/৭০৬; তারিখ: ৩০ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী পরীক্ষামূলক সংস্করণ হিসেবে প্রণীত শিখন শেখানো সামগ্রী ২০২৩ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে প্রবর্তন করা হয়েছে। শিখনকালীন মূল্যায়ন কৌশল বিদ্যালয় পর্যায়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে শিক্ষকদের জন্য **'বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা'** প্রণয়ন করা হয়েছে। **'বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা'** অনুযায়ী প্রতিটি বিষয়ের শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য একটি ওরিয়েন্টেশন কোর্সের ব্যবস্থা করা হয়েছে। ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সকল শিক্ষকের জন্য ওরিয়েন্টেশন কোর্সটি আগামী ০৪ মে থেকে ১০ মে ২০২৩ https://nctb.muktopaath.gov.bd/ লিংকে উন্মুক্ত থাকবে।

২। মাধ্যমিক পর্যায়ের ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সকল শিক্ষকের আগামী ০৪ মে থেকে ১০ মে ২০২৩ এর মধ্যে ওরিয়েন্টেশন কোর্সটি অনলাইনে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এতদসঙ্গে সংযুক্ত প্রতিটি বিষয়ের **'বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা'** (যা https://drive.google.com/file/d/1cR17ahkfk4uJonqTT-uswbFIMisyvDhw/view? usp=share_link লিংকে পাওয়া যাবে) অনুযায়ী শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য প্রতিষ্ঠান পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির প্রতিটি বিষয়ের অর্ধবার্ষিক সামষ্টিক মূল্যায়নের রুটিনসহ সুনির্দিষ্ট গাইডলাইন এনসিটিবি হতে প্রাপ্তি সাপেক্ষে যথাসময়ে প্রেরণ করা হবে।

**সংযুক্তি:** অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

03/05/2023

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮
**addshesecondary2@gmail.com**

**বিতরণ:**

১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)
২। জেলা শিক্ষা অফিসার (সকল)
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৫। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৬। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,..........................................
১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১১। সংরক্ষণ নথি।

মোঃ নুরুল আলম শেখ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বি,এল সরকারি উচ্চ বিদ্যালয়
সিরাজগঞ্জ।

Website

feed back

04/05/2023

মোঃ নুরুল আলম শেখ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

বিজ্ঞপ্তি জারীর প্রয়োজন — ০৪/০৭/২০২৬

অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

কোর্সের নাম- জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির মূল্যায়ন নির্দেশনা বিষয়ক অনলাইন ওরিয়েন্টেশন

প্ল্যাটফর্ম- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর ই-লার্নিং প্ল্যাটফর্ম https://nctb.muktopaath.gov.bd ভিজিট করলে কোর্সটি দেখা যাবে।

কোর্সে অংশগ্রহণের লিংক- https://nctb.muktopaath.gov.bd/course-details/1135 এই লিংকে ভিজিট করে সরাসরি কোর্সে প্রবেশ করতে পারবেন।

### কিভাবে প্ল্যাটফর্মে লগইন করবেন

১. শুরুতে https://nctb.muktopaath.gov.bd তে ভিজিট করুন

২. প্ল্যাটফর্মে পূর্বে রেজিস্ট্রেশন সম্পন্ন থাকলে সরাসরি লগইন বাটনে ক্লিক করে আপনার ইউজার আইডি (রেজিস্ট্রেশন করার সময় ব্যবহৃত মোবাইল নম্বর/ মেইল আইডি) ও পাসওয়ার্ড ব্যবহার করে কোর্সটি শুরু করুন

৩. পাসওয়ার্ড ভুলে গেলে 'পাসওয়ার্ড রিসেট করুন' বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় ব্যবহারকৃত মোবাইল নম্বর/মেইল আইডি যুক্ত করে সিস্টেমের নির্দেশনা অনুসরণ করে পাসওয়ার্ড রিসেট করে নিন এবং লগইন সম্পন্ন করুন।

### কিভাবে রেজিস্ট্রেশন করবেন

১. মুক্তপাঠ প্ল্যাটফর্মে পূর্বে রেজিস্ট্রেশন না থাকলে, 'রেজিস্ট্রেশন' বাটনে ক্লিক করে কিছু প্রাথমিক তথ্য প্রদান করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।

২. মুক্তপাঠে রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট করার সময় আপনার **সার্টিফিকেটের** নামটি সঠিকভাবে লিখতে হবে। আপনার আইডি থেকে একবার সার্টিফিকেট তৈরি হওয়ার পর সার্টিফিকেটের নাম পরিবর্তন করা যাবে না।

৩. রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় আপনার মোবাইল/ইমেইল যে কোন একটি ব্যবহার করা যাবে। মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করলে মোবাইলে একটি OTP আসবে আর ইমেইল ব্যবহার করলে ইমেইলে একটি ভেরিফিকেশন লিংক যাবে। OTP/ইমেইল ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।

### কিভাবে কোর্স শুরু করবেন

১. https://nctb.muktopaath.gov.bd ভিজিটি করলে কোর্সটি দেখতে পারবেন।

২. অথবা সরাসরি https://nctb.muktopaath.gov.bd/course-details/1135 এই লিংকে ভিজিট করে কোর্সে প্রবেশ করুন।

৩. কোর্সে প্রবেশ করে 'কোর্সটি শুরু করুন' বাটনে ক্লিক করুন।

### কিভাবে কোর্সটি সম্পন্ন করবেন

১. এই কোর্সে মোট ৫টি মডিউল রয়েছে।
পাঠগুলোতে রয়েছে নির্ধারিত বিষয়বস্তুর উপর পাঠ সহায়িকা (পিডিএফ), ভিডিও কনটেন্ট স্ব-মূল্যায়ন (কুইজ), ও মতামত।

২. স্ব-মূল্যায়ন (কুইজ) অংশে সকল প্রশ্নের উত্তর দেয়ার পর **সাবমিট বাটনে** ক্লিক করুন।

৩. প্রত্যেকটি পাঠ/লেসনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণের মাধ্যমে সম্পন্ন করলে ডান পাশে **সবুজ টিকমার্ক** দেখা যাবে। পাঠ সম্পন্ন না হলে বা টিকমার্ক দেখা না গেলে নির্দেশনা খেয়াল করুন।

### কিভাবে সার্টিফিকেট তৈরি ও ডাউনলোড করবেন

১. সকল পাঠ (১০০%) সম্পন্ন করলে আপনি সার্টিফিকেটের জন্য আবেদন করতে পারবেন।

২. সার্টিফিকেট তৈরি করার জন্য উপরের ম্যেনু থেকে **আমার পাতা**-তে ক্লিক করুন

৩. বামপাশের **সার্টিফিকেট** ম্যনুতে ক্লিক করুন

৪. আবেদন বাটনে ক্লিক করুন

৫. আপনার সার্টিফিকেটটি তৈরি করুন বাটনে ক্লিক করুন

৬. সার্টিফিকেট ডাউনলোড বাটনে ক্লিক করুন। (আপনার ডিভাইসে সার্টিফিকেট ডাউনলোড সম্পন্ন হয়ে যাবে)

### কোর্স করতে কোনো সমস্যার সম্মুখীন হলে কিভাবে সহযোগিতা নিবেন

মোঃ নূরুল আলম শেখ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বি,এল সরকারি উচ্চ বিদ্যালয়
সিরাজগঞ্জ।

১. কোর্স করতে কোথাও কোনো সমস্যার সম্মুখীন হলে, কোর্স পাতায় **গুরুত্বপূর্ণ** লিংক এর মধ্যে সরাসরি সহায়তার জন্য বা অভিযোগ জানাতে গুগোল ফর্মটি ফিলাপ করে সাবমিট করুন। ৭২ ঘন্টার মধ্যে আপনার সমস্যাটির সমাধানের ব্যবস্থা করা হবে।
২. কোর্স সম্পন্ন করতে কোন কারিগরি সমস্যার সম্মুখীন হলে নিজ জেলার ICT4E অ্যাম্বাসেডর শিক্ষকদের সহায়তা নিতে পারবেন (তালিকা কোর্স লিংকে সংযুক্ত)।
৩. মুক্তপাঠ টিমের সাথে যোগাযোগ (বিস্তারিত কোর্স পাতায় রয়েছে):
    - ✓ ইমেইল: info.muktopaath@gmail.com
    - ✓ ফেসবুক পেইজ: www.facebook.com/muktopaath.gov.bd

অন্যান্য নির্দেশনা

১. এই কোর্সের সকল ভিডিও নির্দেশিকা কনটেন্ট, পাঠসহায়িকা, কুইজ ইত্যাদি এনসিটিবি এর মাধ্যমে নির্মিত। বিনা অনুমতিতে কোর্সের কোন ভিডিও, পাঠসহায়িকা, কুইজের প্রশ্নোত্তর সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক/ইউটিউব) বা অন্য কোন মাধ্যমে শেয়ার করা নিষিদ্ধ।
২. কোনো ব্যবহারকারী এরূপ কর্মকান্ডে জড়িত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

Online Training ... feed back ...

মোঃ নূরুল আলম শেখ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বি,এল সরকারি উচ্চ বিদ্যালয়
সিরাজগঞ্জ।